

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৫৪: কোনো আমল ছাড়াই নিয়্যত বিশুদ্ধ হওয়া কি যথেষ্ট?

যে কোনো আমল কবূল হওয়ার জন্য নিয়াত বিশুদ্ধ হওয়ার সাথে সাথে তা রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম প্রদর্শিত পদ্ধতিতে হওয়া যরূরী। মহান আল্লাহ বলেন,

﴿ فَمَن كَانَ يَرِ اَجُواْ لِقَآءَ رَبِّهِ اللَّهِ عَلَا يَعاهَمُل اللَّهِ عَمَلًا صَلِحًا وَلَا يُشارِك اللّهِ الدِّوَ رَبِّهِ اَ أَحَدَاا ١١٠ ﴾ [الكهف:

"অতএব, যে ব্যক্তি তার পালনকর্তার সাক্ষাত কামনা করে, সে যেন সৎকর্ম সম্পাদন করে এবং তার পালনকর্তার ইবাদতে কাউকে শরীক না করে" (কাহ্ফ ১১০)। উক্ত আয়াতে মহান আল্লাহ আমল কবূল হওয়ার জন্য বিশুদ্ধ নিয়্যত এবং রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম প্রদর্শিত পদ্ধতির শর্তারোপ করেছেন। মনে রাখতে হবে, খাঁটি নিয়্যত উপকারে আসলেও ঈমানের অন্যতম শর্ত হচ্ছে, আমল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1539

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন